



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
গাজীপুর-১৭০৫।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ  
ফোন-৯২৯১১১৩



স্মারক নং- বাউবি/এসএসএস/বিএ(সম্মান)/বিএসএস(সম্মান)/বি-১৪

তারিখ : ২১ জুলাই, ২০২০

**আঞ্চলিক পরিচালক**

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**বিষয় :** বাউবি'র এসএসএইচএল পরিচালিত ৪ বছর মেয়াদী বিএ(সম্মান) এবং বিএসএস(সম্মান) প্রোগ্রামের ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারের রেজিস্ট্রেশন ফি কিস্তিতে প্রদান প্রসঙ্গে।

**সূত্র :** বাউবি/এসএসএস/একাডেমিক/প্রজ্ঞাপন/বিশেষ ২-১; তারিখঃ ১৯/০৭/২০২০।

**মহোদয়,**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা সংকটের কারণে দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে বাউবি'র ভর্তি/রেজিস্ট্রেশন সংক্রান্ত ফিসমূহ কিস্তিতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে প্রেক্ষাপটে বাউবি'র এসএসএইচএল পরিচালিত ৪ বছর মেয়াদী বিএ(সম্মান) এবং বিএসএস(সম্মান) প্রোগ্রামের ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারের রেজিস্ট্রেশন ফি নিম্নে দেয়া হলোঃ

প্রোগ্রামের নাম	সেমিস্টার	রেজিস্ট্রেশনের বর্ধিত সময়সূচী	ফি'র খাত সমূহ	ফি'র হার	কোর্স সংখ্যা	মোট ফি	১ম কিস্তি (৩১/০৮/২০২০ তারিখের মধ্যে)	২য় কিস্তি (৩০/০৯/২০২০ তারিখের মধ্যে)
বিএ(সম্মান) এবং বিএসএস(সম্মান)	৩য়, ৫ম ও ৭ম	৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত।	সেমিস্টার রেজিস্ট্রেশন ফি কোর্স ফি (প্রতি কোর্স) পরীক্ষার ফি (প্রতি কোর্স) সেমিস্টার নম্বরপত্র ফি একাডেমিক ক্যালেন্ডার ফি	২০০ ১১০৩ ৩১৫ ১০০ ৫০	--- ৫টি ৫টি --- ---	৭৪৪০.০০	৪০০০.০০	৩৪৪০.০০

- যথাসময়ে পূর্ণাঙ্গ রেজিস্ট্রেশন ফি জমা না দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- শিক্ষার্থীরা সমুদয় ফি এককালীন জমা দিয়েও রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবে।
- কোনো শিক্ষার্থী যথা সময়ে তথ্য না জানার কারণে বাড়তি ফি প্রদান করলে পরবর্তীতে তা সমন্বয় করা হবে।
- ৩য় সেমিস্টারের শিক্ষার্থীদের অনলাইনে টাকা জমাদানের প্রমাণক সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।
- ৫ম ও ৭ম সেমিস্টারের শিক্ষার্থীরা ব্যাংকে টাকা জমাদানের পর ব্যাংক রশিদের “শিক্ষার্থী মারফত বাউবি'র কপি” অংশটুকু ছিড়ে ব্যাংক রশিদের পিছনে কোর্স কোড, কোর্স টাইটেল এবং মোবাইল নম্বর লিখে শিক্ষার্থী কার্ডসহ বাউবি'র সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(ড. আনিস রহমান)

পরিচালক

এস.এস.এস বিভাগ, বাউবি।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :**

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন, এসএসএইচএল, বাউবি।
৩. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।
৪. পরিচালক, কম্পিউটার বিভাগ (৩য় সেমিস্টারের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রাখা এবং বিজ্ঞপ্তিটি বাউবি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৫. পরিচালক (এসএসএস) এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্য দপ্তর, বাউবি।
৬. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র : সকল (বিজ্ঞপ্তিটি মোটামুটি বোর্ড এবং স্থানীয়ভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭. একান্ত সচিব, উপাচার্য দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
৯. উপ-পরিচালক, প্রো-উপাচার্য দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।